

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৮৭

১৫/ বিধি-বিধান ও বিচার (ﷺ) পরিচ্ছেদঃ বর্গাচাষ।

باب مَا ذُكِرَ فِي الْمُزَارَعَةِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصِوْرٍ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم عَامَلَ أَهْلَ خَيْبَرَ بِشَطْرِ مَا يَخْرُجُ مِنْهَا مِنْ ثَمَرٍ أَنْ وَرْعٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسٍ وَابْنِ عَبَّاسٍ وَزَيْدِ بْنِ تَابِتٍ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لَمْ يَرَوْا بِالْمُزَارَعَةِ بَأْسًا عَلَى النِّصِفُ وَالتُّلُثِ وَالرُّبُعِ . وَاخْتَارَ بَعْضُهُمْ أَنْ يَكُونَ الْبَدْرُ مِنْ رَبِّ الأَرْضِ . وَهُو قَوْلُ أَحْمَدُ وَإِسْحَاقَ . وَكَرِهَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْمُزَارَعَةَ بِالتُّلُثِ وَالرَّبُعِ وَلَمْ يَرَوْا بِمُسَاقَاةِ النَّخِيلِ بِالتَّلُثِ وَالرَّبُعِ بَأْسًا . وَهُو قَوْلُ الْعِلْمِ الْمُزَارَعَةَ بِالتَّلُثِ وَالرَّبُعِ وَلَمْ يَرَوْا بِمُسَاقَاةِ النَّخِيلِ بِالتَّلُثِ وَالرَّبُعِ بَأْسًا . وَهُو قَوْلُ الْعِلْمِ الْمُزَارَعَةَ بِالتَّلُثِ وَالرَّبُعِ وَلَمْ يَرَوْا بِمُسَاقَاةِ النَّخِيلِ بِالتَّلُثِ وَالرَّبُعِ بَأْسًا . وَهُو قَوْلُ مَالِكُ بْنِ أَنْسٍ وَالشَّافِعِيِّ . وَلَمْ يَرَ بَعْضُهُمْ أَنْ يُصِحِ ّ شَيْءٌ مِنَ الْمُزَارَعَةِ إِلاَّ أَنْ يَسْتَأْجِرَ الْأَرْضَ بِالذَّهَبِ وَالشَّوْمِ وَالْفِضَةِ .

বাংলা

১৩৮৭. ইসহাক ইবনু মানসূর (রহঃ) ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বারবাসীদের সঙ্গে উৎপন্ন ফল বা ফসলের অর্ধাংশের ভিত্তিতে বর্গাচুক্তি করেছিলেন। - ইবনু মাজাহ ২৪৬৭, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৮৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস, ইবনু আব্বাস, যায়দ ইবনু ছাবিত ও জাবির রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীষটি হাসান-সহীহ। কতক সাহাবী ও অপরাপর আলিম এতদনুসারে আমল করেছেন। তাঁরা অর্ধাংশ, এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ ইত্যাদি হারে বর্গাচাষ প্রদানে কোন দোষ আছে বলে মনে করেন না। কেউ কেউ এই মত গ্রহণ করেছেন যে, ভূমি মালিকের পক্ষ থেকে বীজ প্রদান করতে হবে। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। কতক আলিম এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ ইত্যাদি হারে কৃষি ভূমি বর্গা প্রদান করা মাকরহ বলে মত প্রকাশ করেছেন। কিন্তু তারা এক তৃতীয়াংম, এক চতুর্থাংশ ইত্যাদি হারে ফল বাগান বর্গা



প্রদান করায় কোন অসুবিধা আছে বলে মনে করেন না। এ হলো ইমাম মালিক ইবনু আনাস ও শাফিঈ (রহঃ)-এর অভিমত। কতক আলিম স্বর্ণ বা রৌপ্য মুদ্রার বিনিময় ছাড়া ভূমি কোন প্রকার বর্গা প্রদান সহীহ বলে মনে করেন না।

English

Narrated Ibn 'Umar:

"The Prophet (ﷺ) made a deal with the people of Khaibar for half of what was produced from it, whether fruits or crops."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন